গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম

জিএসবির ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪র্থ সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | সালমা আক্তার<br>পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম |
| সভার তারিখ | ১৯/০৫/২০২২ |
| সভার সময় | অপরাহ্ন ০৩:৩০ ঘটিকা |
| স্থান | ভূতত্ত্ব ভবনের চতুর্থ তলার সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সংযুক্তি |

আলোচ্য সূচী

১। ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি।

২। বিবিধ।

আলোচনা

সভার সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি প্রথমেই ইনোভেশন টিমের ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা ও সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চান। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ আহসান হবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন টিমের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

০১। সভায় উল্লেখ করা হয় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রম ১.১ এ 'সাইসমিক জরিপ কার্যক্রমে শট ড্রিলিং সহজিকরণ' শীর্ষক উদ্ভাবনী ধারণা ১৫/০৩/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়ন করা হয়েছে। সভাপতি উক্ত উদ্ভাবনী ধারণার উদ্ভাবক জনাব মোহাম্মদ জহির উদ্দিন, উপ-পরিচালক (ভূ-পদার্থ) এ সম্পর্কিত একটি প্রতিবেদন পেশ করতে বলেন।

০২। 'জিএসবি'র ভূ-বৈজ্ঞানিক তথ্য অনুসন্ধান' শীর্ষক সেবা সহজিকরণ ধারণা ২০/০২/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়ন করা হয়েছে। এ সেবাটি হালনাগাদ রাখার জন্য উক্ত ধারণার উদ্ভাবক জনাব এ. জে. এম. ইমদাদুল হক, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) তার টিম পুনর্গঠন ও টিমের সদস্যদের জিএসবি'র ডাটা সেন্টারের এক্সেস প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন। সভার সভাপতি সর্বসম্মতিক্রমে এই টিমে জনাব সায়মা হোমায়রা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব),জনাব মোঃ হোসাইন আল ইমরান, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান কে অন্তর্ভুক্ত করার জন্য বলেন। সদস্য সচিব জনাব মোঃ আহসান হবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এ সম্পর্কিত অফিস আদেশ পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার মাধ্যমে করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন।

৩। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান 'জিএসবি'র লাইব্রেরিকে ই-লাইব্রেরিতে রুপান্তরের লক্ষ্যে ক্যাটালগ প্রস্তুতকরণ' শীর্ষক সেবা ডিজিটাইজেশন আইডিয়া ২৮/১২/২০২১ তারিখে বাস্তবায়ন করা হয়েছে। জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) এ বিষয়ক ক্যাটালগ হালনাগাদ রাখার ব্যাপারে গুরুত্ব আরোপ করেন।

০৪। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ এর কার্যক্রম ১.৬.১ এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় করণীয় বিষয়ে একটি সভা/কর্মশালা জুন মাসের এর ৩য় সপ্তাহে আয়োজনের ব্যাপারে জনাব মঈন উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (খনন প্রকৌ.) মতামত দেন। সভাপতি এ বিষয়ক পূর্ববর্তী কর্মশালায় প্রাপ্ত

আইডিয়া একত্রীকরণের জন্য জনাব মোঃ মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) কে দায়িত্ব দেন এবং প্রাপ্ত আইডিয়া থেকে জিএসবি'র করণীয় বিষয়ক একটি সভা আয়োজন করতে সদস্য সচিবকে নির্দেশনা দেন।

০৫। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ এর কার্যক্রম ২.২.১ এ কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ মে মাসের মধ্যে আয়োজনের ব্যাপারে মতামত ব্যক্ত করেন।

০৬। ই-গভর্ন্যান্স ও উদ্ধাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রম ২.২.৫ এ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ গত ০৭/০২/২০২২ হতে ১৩/০২/২০২২ খ্রি. তারিখে পরিদর্শনের কাজ সমাপ্ত করা হয়। জনাব মোঃ মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এ সম্পর্কিত একটি প্রতিবেদন পেশ করার গুরুত্ব আরোপ করেন। সভাপতি এ সম্পর্কিত একটি ড্রাফট প্রতিবেদন প্রণয়নের জন্য জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) ও জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) কে সভাপতি, ইনোভেশন টিমের নিকট পেশ করতে বলেন।

০৭। পরবর্তী অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ধাবন কর্মপরিকল্পনা সম্পর্কে সদস্য সচিব সভায় অবহিত করেন। সভাপতি এ বিষয়ক কর্মপরিকল্পনা ও সম্ভাব্য বাজেট প্রণয়ন করে হিসাব উপ শাখায় জমা দিতে সদস্য সচিবকে নির্দেশনা দেন।

সিদ্ধান্ত

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং. | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ের অফিসের জন্য | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | অনুচ্ছেদ ১.১: উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ১৫/০৩/২০২২ তারিখে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হয়েছে। জনাব মোহাম্মদ জহির উদ্দিন, উপ-পরিচালক (ভূ-পদার্থ) এ সম্পর্কিত একটি প্রতিবেদন পেশ করবেন। |
| ২। | অনুচ্ছেদ ১.২: সেবা সহজিকরণ | ২০/০২/২০২২ তারিখে একটি সেবা সহজিকরণ করা হয়েছে। এ সেবা হালনাগাদ রাখার জন্য জনাব সায়মা হোমায়রা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব),জনাব মোঃ হোসাইন আল ইমরান, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান কে অন্তর্ভুক্ত টিম পুনর্গঠন এবং পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার মাধ্যমে অফিস আদেশ জারী করা হবে। |
| ৩। | অনুচ্ছেদ ১.৩: সেবা ডিজিটাইজেশন | ২৮/১২/২০২২ তারিখে বাস্তবায়ন করা হয়েছে এবং জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান এ সেবা হালনাগাদ রাখবেন। |
| ৪। | অনুচ্ছেদ ১.৬.১: ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/ কর্মশালা আয়োজন | জনাব মোঃ মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) পূর্ববর্তী কর্মশালায় প্রাপ্ত আইডিয়া একত্রীকরণ করবেন এবং প্রাপ্ত আইডিয়া থেকে জিএসবি'র করণীয় বিষয়ক একটি সভা জুনের ৩য় সপ্তাহে আয়োজন করা হবে। |
| ৫। | অনুচ্ছেদ ২.২.১: কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | মে মাসের মধ্যে ৪র্থ প্রশিক্ষণ আয়োজন করা হবে। |
| ৬। | অনুচ্ছেদ ২.২.৫: দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | ০৭/০২/২০২২ হতে ১৩/০২/২০২২ খ্রি. তারিখে বাস্তবায়ন করা হয়েছে। সভাপতি, ইনোভেশন টিমের নিকট এ সম্পর্কিত একটি ড্রাফট প্রতিবেদন জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) ও জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) পেশ করবেন। |
| ৭। | ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ধাবন কর্মপরিকল্পনা | সদস্য সচিব সম্ভাব্য বাজেট প্রণয়ন করে হিসাব উপ শাখায় জমা দিবেন। |

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

সালমা আক্তার
পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.৩৮

তারিখ: ২ আষাঢ় ১৪২৯
১৬ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (ভূতত্ত্ব) , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২) পরিচালক (ভূতত্ত্ব) , ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৩) পরিচালক (রসায়ন) , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব) -৩, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৫) উপ-পরিচালক (ভূপদার্থ)-২ , অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৬) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২, উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৩ , ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৯) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২ , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১০) লাইব্রেরিয়ান-২ , প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১১) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

Habib

মো: আহসান হাবিব
সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব,
ইনোভেশন টিম